

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৫ অগ্রহায়ণ ১৪২১ বঙ্গাব্দ/০৯ ডিসেম্বর ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৮৪-আইন/২০১৪।—বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) এর ধারা ৯৮, ধারা ২১ক(৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সর্ফক্ষিত শিরোনাম।—এই বিধিমালা সামাজিক দায়বদ্ধতা তহবিল বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “আইন” অর্থ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন);
- (২) “তহবিল” অর্থ আইনের ধারা ২১ক এর অধীন গঠিত সামাজিক দায়বদ্ধতা তহবিল;
- (৩) “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি” অর্থ যে কোন প্রকারের তথ্যের উৎপত্তি, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, সঞ্চালন এবং বিচ্ছিন্নে ব্যবহৃত সকল ইলেক্ট্রনিক প্রযুক্তি;
- (৪) “তহবিল ব্যবস্থাপনা কমিটি” অর্থ সামাজিক দায়বদ্ধতা তহবিল ব্যবস্থাপনা কমিটি।

( ২০১৬৫ )

মূল্য : টাকা ৪.০০

৩। তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠন।—(১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে, যথা :—

- (ক) ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার সভাপতিও হইবেন;
- (খ) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;
- (গ) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
- (ঘ) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়;
- (ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;
- (চ) ভাইস- চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;
- (ছ) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড;
- (জ) এসোসিয়েশন অব মোবাইল অপারেটর্স অব বাংলাদেশ এর একজন প্রতিনিধি;
- (ঝ) এসোসিয়েশন অব পিএসটিএন অপারেটর্স অব বাংলাদেশ এর একজন প্রতিনিধি;
- (ঞ) ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ এর একজন প্রতিনিধি;
- (ট) কমিশন কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) কমিশন তহবিল ব্যবস্থাপনা কমিটির কার্য সম্পাদনে প্রয়োজনীয় সহায়তাসহ তহবিলের দৈনন্দিন কার্য পরিচালনা ও অন্যান্য বিষয়াদি নির্বাহের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

৪। তহবিল ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলী।—(১) তহবিল ব্যবস্থাপনার সম্পূর্ণ দায়িত্ব তহবিল ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত তহবিল ব্যবস্থাপনা কমিটির সামগ্রিক দায়িত্বের আওতায় নিম্নবর্ণিত কার্যাবলী অন্তর্ভুক্ত থাকিবে, যথা :—

- (ক) তহবিলের অর্থ যথাযথ ব্যবহারের লক্ষ্যে কর্মসূচী প্রণয়ন, প্রকল্প গ্রহণ ও উহা অনুমোদন;
- (খ) প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ; এবং
- (গ) তহবিলের বাৎসরিক বাজেট অনুমোদন।

৫। তহবিলের হিসাব পরিচালনা।—(১) তহবিলের ব্যাংক হিসাব কমিশনের ভাইস-চেয়ারম্যান বা তাহার অনুপস্থিতিতে একজন কমিশনার এবং এতদুদ্দেশ্যে কমিশন কর্তৃক মনোনীত একজন মহাপরিচালক বা তাহার অনুপস্থিতিতে একজন পরিচালকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(২) আইনের ধারা ২১ এর অধীন গঠিত তহবিল এবং ধারা ২১ক এর অধীন গঠিত তহবিল কোন অবস্থায় সংমিশ্রণ বা একত্রীকরণ করা যাইবে না।

৬। হিসাবরক্ষণ ও নিরীক্ষা প্রতিবেদন।—(১) কমিশন তহবিলের আয়-ব্যয়ের যথাযথ হিসাব ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র সংরক্ষণ করিবে।

(২) প্রতি অর্থ-বৎসর শেষ হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে কমিশন তহবিলের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব-বিবরণী প্রস্তুত করিবে এবং তৎপরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে Bangladesh Chartered Accountants Order, 1973 (P.O. No. 2 of 1973) এর অধীনে নিবন্ধিত কোন চার্টার্ড একাউন্টেন্ট ফার্মের দ্বারা নিরীক্ষা করা হইয়া উক্ত হিসাব-বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করিবে ও কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত নিরীক্ষা ছাড়াও উক্ত তহবিলের হিসাব বিবরণী Comptroller and Auditor-General (Additional Functions) Act, 1974 (Act No. XXIV of 1974) এর section 5 অনুসারে বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর নিরীক্ষার এখতিয়ারভুক্ত হইবে।

৭। চাঁদার হার।—আইনের বিধান অনুযায়ী কমিশন হইতে লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক টেলিযোগাযোগ ও বেতার-যোগাযোগ পরিচালনাকারী প্রতি অর্থ-বৎসরে বার্ষিক সামগ্রিক রাজস্ব আয় হইতে লাইসেন্সে উল্লিখিত হারে তহবিলে চাঁদা প্রদান করিবেন এবং কমিশন উক্ত চাঁদার হার, সরকারের পূর্বানুমোদনক্রমে, সময় সময় পরিবর্তন করিতে পারিবে।

৮। চাঁদা প্রদান পদ্ধতি ও সময়।—কমিশন হইতে লাইসেন্সপ্রাপ্ত টেলিযোগাযোগ ও বেতার-যোগাযোগ পরিচালনাকারী লাইসেন্সে বর্ণিত তহবিল এর কার্যকারিতার তারিখ ও শর্তানুযায়ী বিধি ৭ এ উল্লিখিত চাঁদার মোট অর্থ সংশ্লিষ্ট পরিচালনাকারী তহবিলের অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ক্রেসড চেকের মাধ্যমে তহবিলে জমা প্রদান করিবেন।

৯। তহবিলের ব্যবহার।—আইনের ধারা ২১ক(১) এর বিধান অনুযায়ী বাংলাদেশের টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সুবিধা বঞ্চিত এলাকার জনগোষ্ঠীর মধ্যে টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সুবিধা বিস্তৃতকরণের লক্ষ্যে গৃহীত প্রকল্প বাস্তবায়নসহ দুর্যোগ মোকাবেলা বা ব্যবস্থাপনার জন্য বিশেষ টেলিযোগাযোগ ব্যবস্থা গড়িয়া তুলিবার জন্য গৃহীত প্রকল্প বাস্তবায়নের জন্য তহবিলের অর্থ ব্যবহার করা যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ হুসনুল মাহমুদ খান  
যুগ্ম-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd